

ওয়াক্ফ সম্পত্তি তালিকাভুক্তির দরখাস্ত ফরম পূরণ এবং জমাদানের নিয়মাবলী:

(ওয়াক্ফ অধ্যাদেশ ১৯৬২ এর ৪৭ ধারা অনুযায়ী ওয়াক্ফকৃত সম্পত্তি ওয়াক্ফ প্রশাসকের দপ্তরে তালিকাভুক্ত করা বাধ্যতামূলক)

- ১। ওয়াক্ফ সম্পত্তি তালিকাভুক্তির দরখাস্ত ফরম বিনামূল্যে ওয়াক্ফ অফিস হতে সংগ্রহ করুন বা আমাদের ওয়েব সাইট www.waqf.gov.bd হতে ডাউনলোড করে নিন।
 - ২। তালিকাভুক্তির দরখাস্ত ফরম পূরণের নিয়মঃ
প্রথমে জাতীয় পরিচয়পত্র অনুযায়ী আবেদনকারী বা মোতাওয়াল্লী/সভাপতি প্রার্থীর যাবতীয় তথ্যাদি দিন। ফরমের ১ নং ক্রমিকে ওয়াক্ফ এস্টেটের নাম, ২ নং ক্রমিকে ওয়াক্ফ দলিলের বিবরণ লিপিবদ্ধ করুন। ৩ ও ৪ নং ক্রমিকে সম্পত্তির মোট বার্ষিক আয় ও ব্যয়ের হিসাব ও ৫ নং ক্রমিকে ওয়াক্ফ সংক্রান্ত মামলা মোকদ্দমার বিবরণ লিখুন। ৬ নং ক্রমিকে সম্পত্তির রেকর্ডীয় বিবরণ এবং ৭ নং ক্রমিকে স্থাবর সম্পত্তি ছাড়া অন্যান্য সম্পত্তির বিবরণ লিপিবদ্ধ করে ফরমের নীচে নির্ধারিত স্থানে আবেদনকারী বা মোতাওয়াল্লী/সভাপতি নিজে স্বাক্ষর দিন এবং পূর্ণ নাম লিখুন।
 - ৩। দরখাস্তের সাথে যে সকল প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে:
ক) ওয়াক্ফ দলিলের সত্যায়িত কপি বা ওয়াক্ফ দলিলের সহি মুহুরী নকল।
খ) ওয়াক্ফ সম্পত্তির সকল রেকর্ড বা পর্চার কপি অথবা মিউটেশনের কপি।
গ) আবেদনকারীর বা মোতাওয়াল্লী/সভাপতির জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
ঘ) আবেদনকারী বা মোতাওয়াল্লী/সভাপতির ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি।
 - ৪। পূরণকৃত দরখাস্ত ফরম এর সঙ্গে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে মোট ০৩ (তিন) সেট “ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ৪, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০” বরাবরে প্রেরণ করুন।
- বিঃদ্র: তদন্ত এবং জেলা প্রশাসকের মতামত সাপেক্ষে তালিকাভুক্তির কার্যক্রম চূড়ান্ত করা হবে।

অনুরোধক্রমে
ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ।

ওয়াক্ফ সম্পত্তি তালিকাভুক্তির দরখাস্ত ফরমটি পরের পৃষ্ঠায়

ওয়াক্ফ অধ্যাদেশ, ১৯৬২ এর ৪৭ ধারামতে ওয়াক্ফ সম্পত্তি তালিকাভুক্তির
দরখাস্ত।

০২ কপি পাসপোর্ট
সাইজ ছবি

বরাবর
ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ।
৪, নিউ ইস্কাটন রোড
ঢাকা - ১০০০।

আমি:----- পিতা:-----

মাতা:-----সাং:----- পো :-----

ইউনিয়ন:-----উপজেলা/থানা:-----জেলা:-----

জাতীয় পরিচয় পত্র নং----- ফোন/ মোবাইল নং-----

নিম্নলিখিত ওয়াক্ফ সম্পত্তির স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি/ মোতাওয়াল্লি পদপ্রার্থী হিসাবে ওয়াক্ফ অধ্যাদেশ, ১৯৬২ এর ৪৭ ধারা অনুসারে তালিকাভুক্তির
জন্য দরখাস্ত দাখিল করিলাম।

১। ওয়াক্ফ এস্টেটের প্রস্তাবিত নাম :-----

২। ওয়াক্ফ দলিলের বিবরণ :

ওয়াক্ফ দলিল নং	ওয়াক্ফ দলিল রেজিস্ট্রার তারিখ	দাতা বা ওয়াক্ফের নাম	মন্তব্য
১.			
২.			
৩.			
৪.			
৫.			
৬.			
৭.			

বিঃদ্র: রেকর্ডসূত্রে বা ব্যবহারিক ওয়াক্ফ হইলে সংশ্লিষ্ট রেকর্ডের বর্ণনা ও ওয়াক্ফের সম্ভাব্য সন তারিখ উল্লেখ করিতে হইবে।

৩। ওয়াক্ফ সম্পত্তির বার্ষিক মোট আয় :-----টাকা-----সন।

(কৃষি বা অকৃষি সম্পত্তির লিজ, দোকান বা ভবন ভাড়া, মৎস্য বিক্রি, এককালীন দান, দানবাক্স, মাসিক চাঁদা, ওয়ারিশ ও মোতাওয়াল্লির ভাতা,
অনুদান, সরকারি বা এনজিও সহায়তা, সম্পত্তি বিক্রয় বা ক্ষতিপূরণের অর্থ ইত্যাদি বাবদ আয়।)

৪। বার্ষিক মোট ব্যয় :-----টাকা-----সন।

(সম্পত্তি রক্ষণাবেক্ষন, সংস্কার, ধর্মীয়পর্বে খরচ, যাবতীয় কর, ওয়াক্ফ চাঁদা, ওয়ারিশ ও মোতাওয়াল্লির ভাতা, ইমাম- মোয়াজ্জিনের বেতন,
আদায় খরচ, বিদ্যুৎ ও অন্যান্য বিল ইত্যাদি বাবদ ব্যয়।)

৫। ওয়াক্ফকৃত সম্পত্তির স্বত্ব দখল বিষয়ক এবং অন্যান্য মামলা মোকদ্দমার বিবরণ :

মামলা মোকদ্দমার নম্বর	দায়েরের তারিখ	আদালতের নাম	মামলা মোকদ্দমার ধরণ
১.			
২.			
৩.			

৬। ওয়াক্ফ সম্পত্তির রেকর্ডীয় বিবরণ :-

জেলা-----উপজেলা/থানা-----

জেএল নং ও মৌজার নাম	সম্পত্তির শ্রেণি	সিএস/এসএ/ আরএস খতিয়ান নং	সিএস/এসএ/ আরএস দাগ নং	বিএস/হাল খতিয়ান নং	বিএস/হাল দাগ নং	ওয়াক্ফকৃত জমির পরিমাণ (একরে)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

দ্রষ্টব্যঃ প্রত্যেক খতিয়ানে অন্তর্ভুক্ত সম্পত্তির দাগ ও পরিমাণ পৃথকভাবে দেখাইতে হইবে। অধিগ্রহণকৃত, অর্পিত বা পরিত্যক্ত বা খাস মহলের অন্তর্ভুক্ত হইলে তাহাও মন্তব্য কলামে উল্লেখ করিতে হইবে। হাট বাজার বা বাড়ী-ঘর থাকিলে তাহার সংখ্যা এবং ভাড়া দেওয়া থাকিলে তাহাও উল্লেখ করিতে হইবে। ওয়াক্ফনামা, সাবেক ও হাল পর্চার সহিমুহুরী নকল/সত্যায়িত কপি এবং মৌজা নকশার কপি অত্রসাথে দাখিল করিতে হইবে।

৭। ভূ সম্পত্তি ব্যতীত অন্যান্য সম্পদ যথা- সিকিউরিটি, ব্যাংক হিসাবে জমা, কোম্পানির শেয়ার, ব্যবসায় বিনিয়োগ, পাওনা টাকা, নগদ অর্থ ইত্যাদির বিবরণ :

সত্যপাঠ-

আমি/আমরা প্রতিজ্ঞাপূর্বক বলিতেছি যে, উপর্যুক্ত ওয়াক্ফ সম্পত্তি এবং অন্যান্য সম্পদ(যদি থাকে) এর যেই বিস্তারিত বিবরণ এই সঙ্গে দেওয়া হইল তাহা আমার / আমাদের জ্ঞান ও বিশ্বাসমতে সত্য এবং আমি/আমরা কোন বিষয় গোপন করি নাই। ওয়াক্ফ সম্পত্তির বা তাহার কোন অংশ হস্তান্তরিত হয় নাই বা কোন দায়বদ্ধতা নাই।

স্বাক্ষর-----

নাম-----

সংযুক্ত: বর্ণনা মতে.....ফর্দ।

তারিখঃ